

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
উপজেলা পরিসংখ্যান অফিস
বাগমারা, রাজশাহী

<http://bbs.bagmara.rajshahi.gov.bd>

স্মারক নং-৫২.০১.৮১১২.০০০.১১.০০১.২০-২০

তারিখঃ ২২ শেখ, ১৪২৬ বঙ্গাব্দ
২৩ জানুয়ারি, ২০২০ খ্রি:


নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নধীন 'জনশুমারি ও গৃহগণনা ২০২১' এর লিটিং অপারেশন এবং মূল শুমারির গণনা কার্যক্রমে খানা তালিকাকারী/গণনাকারী ও সুপারভাইজার পদে নিয়োগের প্যানেল গঠনের লক্ষ্যে নিম্ন বর্ণিতশর্তে শুধু মাত্র বাগমারা উপজেলায় বসবাসকারী বেকার যুবক/যুব মহিলা এবং ছাত্র/ছাত্রীদের নিকট হতে স্বহস্তে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্র: নং	পদের নাম	প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য যোগ্যতা
০১)	সুপারভাইজার	১) ন্যূনতম স্নাতক/সমমান পাস হতে হবে। ২) নিজস্ব স্মার্টফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে। ৩) স্মার্টফোনের এক্সয়েড ডার্সন ৬.০ বা তদুর্ধ্ব হতে হবে এবং স্মার্টফোনের স্ক্রীন সাইজ ন্যূনতম ৫.০(পাঁচ) ইঞ্চি হতে হবে। ৪) ০১/০১/২০২০ তারিখে বয়স ২৩-৪০ বৎসরের মধ্যে হতে হবে। ৫) সহজে বোধগম্য হাতের লেখার অধিকারী হতে হবে। ৬) উপর্যুক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে পূর্ববর্তী কোন শুমারিতে সুপারভাইজার হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে।
০২)	খানা তালিকাকারী/গণনাকারী	১) ন্যূনতম এইচএসসি/সমমান পাস হতে হবে। ২) নিজস্ব স্মার্টফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে। ৩) স্মার্টফোনের এক্সয়েড ডার্সন ৬.০ বা তদুর্ধ্ব হতে হবে এবং স্মার্টফোনের স্ক্রীন সাইজ ন্যূনতম ৫.০(পাঁচ) ইঞ্চি হতে হবে। ৪) ০১/০১/২০২০ তারিখে বয়স ১৮-৩৫ বৎসরের মধ্যে হতে হবে। ৫) সহজে বোধগম্য হাতের লেখার অধিকারী হতে হবে। ৬) উপর্যুক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে পূর্ববর্তী কোন শুমারিতে গণনাকারী হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে।

শর্তাবলী:

- উপজেলা পরিসংখ্যান কার্যালয়, বাগমারা, রাজশাহী এর ওয়েবসাইট (bbs.bagmara.rajshahi.gov.bd) অথবা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বাগমারা, রাজশাহী এর ওয়েবসাইট (bagmara.rajshahi.gov.bd) অথবা উপজেলা ডিজিটাল সেন্টার, সকল ইউনিয়ন ভূখণ্ড সেবা কেন্দ্র, হিরো কম্পিউটার, শিকাত কম্পিউটার, ডবানীগঞ্জ, রাজশাহী থেকে আবেদনের নির্ধারিত ফরম ও প্রবেশ পত্র ডাউনলোড করে সংগ্রহ পূর্বক স্বহস্তে পূরণ করতে হবে।
- আবেদন ফরম ও প্রবেশ পত্র যথাযথ ভাবে পূরণ করে নির্ধারিত স্থানে সদ্য তোলা ০২(দুই) কপি PP সাইজের ছবি আঠা দিয়ে লাগিয়ে A4 সাইজের খামে ডরে খামের মুখ বন্ধ করে খামের উপর ডানপাশে পদের নাম উল্লেখ পূর্বক আপাতী ২৩/০১/২০২০ খ্রি: তারিখের মধ্যে উপজেলা পরিসংখ্যান কার্যালয়, বাগমারা, রাজশাহীতে সরাসরি অথবা বাহক মারফত অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌঁছাতে হবে এবং আবেদন পত্র জমা দেওয়ার দিন অত্র অফিস কর্তৃক স্বাক্ষরিত প্রবেশ পত্র সংগ্রহ করতে হবে। উক্ত তারিখের পরে কোন আবেদন গ্রহণ করা হবেনা।
- লিখিত/মৌখিক পরীক্ষার স্থান ও তারিখ ওয়েবসাইট (bbs.bagmara.rajshahi.gov.bd) ও (bagmara.rajshahi.gov.bd) এর মাধ্যমে জানিয়ে দেওয়া হবে মৌখিক পরীক্ষার সময় সকল সনদ পত্রের মূলকপি ও স্মার্টফোন প্রদর্শন করতে হবে।
- লিটিং অপারেশন (ফেব্রুয়ারি/২০২০মাসে) কার্যক্রমে প্রতি খানা তালিকাকারী ১০(দশ) দিনে মোট ৪০০ (কম/বেশী) খানার তালিকা করবেন, মূল শুমারিতে (২-৮ জানুয়ারি-২০২১) প্রতি গণনাকারী ০৭(সাত) দিনে মোট ১২০ (কম/বেশী) খানার তথ্য সংগ্রহ করতে হবে। এবং প্রতি সুপারভাইজার ৬-৭ জন খানা তালিকাকারী/গণনাকারীদের তদারকি করবেন।
- লিটিং অপারেশনে মোবাইল অ্যাপস ব্যবহার পূর্বক তথ্য সংগ্রহ করতে হবে বিখ্যাত নিজস্ব স্মার্টফোন রয়েছে এবং স্মার্টফোন পরিচালনায় দক্ষতা আছে কেবল এমন প্রার্থী গণই আবেদন করতে পারবেন।
- নিয়োগের অন্যান্য শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে মহিলা প্রার্থীগণকে অগ্রাধিকার প্রদান করা হবে।
- লিটিং অপারেশনে নিয়োজিত খানা তালিকাকারী ও সুপারভাইজার গণের কার্যক্রম সম্ভাব্যজনক মর্মে প্রতীয়মান হলে তারা মূলশুমারিতেও যথাক্রমে গণনাকারী এবং সুপারভাইজার হিসেবে দায়িত্ব পালন করবেন।
- অন্য পেশায় (গেজেট/ননগেজেট)নিয়োজিত ব্যক্তিদের আবেদন করার প্রয়োজন নাই। এমন কি লিটিং অপারেশন/শুমারি চলাকালীন সময়ে প্রার্থী নিজেই অনাকোন কর্মনিযুক্ত করতে পারবেন না এবং প্রমাণিত হলে প্রার্থীতা বাতিল বলে গণ্য হবে।
- ভুল বা অসম্পূর্ণ আবেদন ফরম বাতিল বলে গণ্য হবে। একজন ব্যক্তি একটি মাত্র পদে আবেদন করতে পারবেন।
- প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায়(প্রযোজ্যক্ষেত্রে) অংশ গ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবেনা।
- শুধুমাত্র লিটিং অপারেশনের জন্য প্রার্থীদের চূড়ান্ত তালিকা উপজেলা নির্বাহী অফিস, বাগমারা, রাজশাহী এর ওয়েবসাইট(bagmara.rajshahi.gov.bd) এবং উপজেলা পরিসংখ্যান অফিস, বাগমারা, রাজশাহী এর ওয়েবসাইটে(bbs.bagmara.rajshahi.gov.bd) প্রকাশ করা হবে। এছাড়াও মূল শুমারির জন্য চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের তালিকা উভয় ওয়েবসাইটেও যথা সময়ে প্রকাশ করা হবে।
- নির্বাচিত প্রার্থী প্রশিক্ষণে অনুপস্থিত থাকলে তিনি কাজ করতে অগ্রহী নন বলে গণ্য হবেন এবং তার নিয়োগ তাৎক্ষণিক ভাবে বাতিল হয়ে যাবে।
- নিয়োগ সংক্রান্ত বিষয়ে এতদুদ্দেশ্যে গঠিত নিয়োগ কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- বাছাই কমিটি প্রতিটি মৌজা/মহল্লা হতে প্রয়োজনীয় সংখ্যক খানা তালিকাকারী/গণনাকারী ও সুপারভাইজার প্রহণ নিশ্চিত করবেন।


২৩.০১.২০২০

(শরিক আহমেদ)
উপজেলা নির্বাহী অফিসার
বাগমারা, রাজশাহী।

ও
সভাপতি

“জনশুমারি ও গৃহগণনা-২০২১” এ
খানা তালিকাকারী/গণনাকারী ও সুপারভাইজার (শুমারিকর্মী)
নিয়োগ কমিটি